



রক্তাক্ত বাংলাদেশ লাঞ্চিত মানবতা ॥ আওয়ামী লীগের বই প্রকাশ

ষ্টাক রিপোর্টার ॥ জোট সরকারের এক শ' দিনের শাসনের ওপর আওয়ামী লীগ একটি বই প্রকাশ করেছে। 'রক্তাক্ত বাংলাদেশ লাঞ্চিত মানবতা' শিরোনামে বইটি বৃহস্পতিবার দলের কার্যনির্বাহী সংসদের বৈঠকে বিতরণ করা হয়। এখন থেকে বইটি সারা দেশে দলের কার্যালয়ে এবং বুকস্টলে পাওয়া যাবে বলে দলের নেতারা জানান।

১৪০ পৃষ্ঠার বইটিতে প্রকাশ করা হয় মূলত পত্রপত্রিকায় প্রকাশিত তথ্য অনুযায়ী। এতে সরকারের এক শ' দিনের দশটি প্রসঙ্গ স্থান পেয়েছে। চার রঙে ছাপানো হয়েছে আওয়ামী লীগের নেতাকর্মী ও সংখ্যালঘুদের ওপর বীভৎস নির্যাতনের ছবি।

বইতে দেয়া তথ্য অনুযায়ী তত্ত্বাবধায়ক সরকারের সময় বিএনপি জোটের সন্ত্রাসীদের হাতে নিহত হয় আওয়ামী লীগের ১৪২ নেতাকর্মী। জোট সরকারের এক শ' দিনে বিএনপি-জামায়াত সন্ত্রাসীদের হাতে প্রাণ হারায় ২৮৮ জন। ধর্ষণের শিকার হয়েছে ৩৩৬ মা-বোন। আহত ও পঙ্গু হয়ে গেছে এক হাজার ৯৮২ জন। হামলা-নির্যাতনের ঘটনা ঘটেছে ৮ হাজার ৮৬৭টি, ডাংচুর ৯৮৪টি, লুটপাট ৬ হাজার ৪০৪টি, ভয়ভীতি প্রদর্শন ও হুমকি ৩৬ হাজার ৬০০টি, অপহরণ ৪২৭টি, মর্দন, গির্জা ও প্রতিমা ডাংচুর ৯৫টি এবং অন্যান্য সন্ত্রাসী ঘটনা ৪৫ হাজার ১৩১টি। এতে বলা হয়, এছাড়া সন্ত্রাসীদের অভ্যুত্থানে লাখ লাখ লোক ভিটামাটি ছাড়া হয়েছে। হাজার হাজার সংখ্যালঘু দেশ ছেড়ে আশ্রয় নিয়েছে পাশের দেশে।

বইতে যে ১০টি বিষয় স্থান পেয়েছে তার মধ্যে রয়েছে, 'তত্ত্বাবধায়ক সরকারের ছত্রছায়ায় সন্ত্রাসী হামলায় নিহত আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীর তালিকা', 'খালেদার রক্তাক্ত হাত : ১০০ দিনে নিহত আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মী এবং সমর্থকদের তালিকা', 'এক শ' দিনের

সাম্প্রদায়িক সহ্যাস ; জাতির জন্য লজ্জা', 'ধর্ষণ ও লাঞ্ছনা ; পাশবিকতার উন্নত বিকার', 'মৃত্যুর সঙ্গে পাজা ; আওয়ামী লীগের আহতদের নাম পরিচয়', 'হামলা, নির্যাতন, লুটপাট, অপহরণ, ভয়ভীতি প্রদর্শন ; ফ্যাসিবাদের বীভৎস রূপ', 'অগ্নিসংযোগ ; নব্য হানাদারদের পোড়ামাটি নীতি', 'দখল প্রোফতার হয়রানি ; মার্গাল গণতন্ত্রের নমুনা', 'চাঁদাবাজি, টেভারবাজি ; হাওয়া ভবন থেকে পাওয়া' এবং 'বিপর্যস্ত অর্থনীতি ; জনজীবনে নাতিশ্রাস'। বইতে প্রচ্ছদসহ নির্যাতনের রঙিন ছবি ছাপানো হয়েছে ১০ পাতা। বইটি উৎসর্গ করা হয়েছে পহেলা অক্টোবর নির্বাচনকে কেন্দ্র করে যারা চারদলীয় জোট সন্ত্রাসীদের নির্যাতনের শিকার হয়েছে তাদের উদ্দেশে। প্রকাশক বাংলাদেশ আওয়ামী লীগ। মূল্য রাখা হয়েছে ৫০ টাকা।